দশর্নায় মাদকাসক্ত ও মাদক ব্যবসায়ীদের কাছে নিরাপদ নয় সাংবাদিকরাও

দশর্নায় সাংবাদিকরা মাদক ব্যবসায়ী ও মাদকাসক্তদের কাছে নিরাপদ নয়। এসব মাদকাসক্ত ও মাদক ব্যাবসায়ীরা দশর্না প্রেসক্লাবের সভাপতি ইকরামুল হক পিপুলের সামনে সাংবাদিকদের গালিগালাজ করে এবং মেরে ফেলার হুমকি দিয়ে ও প্রসক্লাব ভেঙ্গে ফেলার হুমকি ধামকি দেয়।

গতকাল সোমবার দুপুরে দশর্না কেরু ডিষ্টিলারী গেটের সামনে ওয়াসীম নামের ১০-১২টি মামলার এক আসামী এ হুমকি ধামকি দেয়। এ ঘটনার পর দশর্না প্রেসক্লাবে রাত সাড়ে ৭ টার দিকে এক জরুরী বৈঠক অনুষ্টিত হয়। এ সময় সাংবাদিকরা প্রতিবাদ ও নিন্দা জানান।

দশর্না সাংবাদিক সমিতির সভাপতিত্বে এ সভায় সাংবাদিকদের মধ্যে উপস্থিত ছিলেন, দর্শনা প্রেসক্লাবের সভাপতি ইকরামুল হক পিপুল, সাধারণ সম্পাদক মনিরুজ্জামান সুমন, সাংবাদিক সমিতির সাধারণ সম্পাদক মাসুম বিল্লাহ, সহ-সভাপতি চঞ্চল মাহমুদ, সহ সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, সহ-সম্পাদক হাসমত আলী, সাবেক সাধারণ সম্পাদক জাহিদুল ইসলাম, আহসান হাবীব মামুন, ওসমান আলী, কোষাধ্যক্ষ ফরহাদ হোসেন, সদস্য ওয়াসিম রয়েল সু কমল দাস বাধন, আবিদ হাসান রিফাত, সাব্বির আলীম প্রমুখ।